

2 0 1 4

BENGALI

(Major)

Paper : 5.1

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৭=৭

- (ক) “ভগবান তোকে ছেলে গড়তে গড়তে মেয়ে গড়েছিলেন বৈ ত নয়।” উক্তিটির বক্তা কে ?
- (খ) রমেশের বিশ্বস্ত ভৃত্যের নাম কী ?
- (গ) রমা যতীনকে রমেশকে কী বলে ডাকতে বলেছিল ?
- (ঘ) “চোর-ডাকাত বংশের ছেলে হঠাৎ কবি হইয়া গেল।” এখানে কবি কে ?
- (ঙ) নিতাইয়ের মামার নাম কী ?
- (চ) “কই হে ওস্তাদ না ফোস্তাদ! চা দাও ভাই।” উক্তিটি কার ?
- (ছ) নিতাইয়ের বন্ধু রাজালাল বায়েন কী কাজ করত ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) “...দুটো করে মাথা আর কার থাকে বড়বাবু? আপনাদের থাকে না, ত আমাদের মত গরীবের!” উক্তিটি কার? এখানে বড়বাবু কে?
- (খ) “কেন জ্যাঠাইমা, জন্মভূমি শুধু ত আমার একার নয়?” উক্তিটির প্রসঙ্গ নির্দেশ করো।
- (গ) “...বোন নইলে ভায়ের দুঃখ কেউ বোঝে না।” কে, কাকে এই কথাটি বলেছিল?
- (ঘ) “...আচ্ছা সাজ হইছে বাপু। ঠিক কবিয়াল কবিয়াল লাগছে।” উক্তিটি কার উদ্দেশ্যে করা হয়েছে? তাকে কবিয়াল লাগার কারণ কী?

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

- (ক) “এই কুঁয়াপুরের বিষয়টা অর্জিত হইবার একটু ইতিহাস আছে, ...।” ইতিহাসটি কী, লেখো।
- (খ) রমেশের পিতৃশ্রাদ্ধের দিনের বর্ণনা দাও।
- (গ) ভৈরব আচার্য (‘পল্লীসমাজ’) চরিত্রটি আলোচনা করো।
- (ঘ) “সেই সূত্রেই গোসাঁইজীর চাকরিতে জবাব দিয়া নিতাই আসিয়া উঠিল স্টেশনে।” নিতাইয়ের গোসাঁইজীর চাকরি ছাড়ার কারণ বর্ণনা করো।
- (ঙ) বিপ্রপদ ঠাকুর (‘কবি’) চরিত্রটি সম্পর্কে যা জান লেখো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

১০×৩=৩০

- (ক) “পল্লীসমাজের নীচতার একাধিক চিত্র আঁকা হইয়াছে ‘পল্লীসমাজ’ গ্রন্থে...।” ‘পল্লীসমাজ’ উপন্যাস অবলম্বনে পল্লীসমাজের নীচতার কিছু চিত্র তুলে ধরো।

অথবা

“রমেশ একটি আদর্শের প্রতীকমাত্র, তাহাকে সজীব মানুষ বলিয়া মনে হয় না।” উক্তিটির গ্রহণযোগ্যতা কতখানি, রমেশ চরিত্র বিশ্লেষণ করে বুঝিয়ে দাও।

- (খ) নিতাইয়ের জীবনে ঠাকুরবি ও বসনের ভূমিকা নিরূপণ করো।

অথবা

‘কবি’ উপন্যাসে গানগুলোর গুরুত্ব নির্ণয় করো।

- (গ) ‘পল্লীসমাজ’ উপন্যাসের বেণী ঘোষাল চরিত্রটির বৈশিষ্ট্য বুঝিয়ে লেখো।

অথবা

‘কবি’ উপন্যাসে রাজা চরিত্রটি কোন্ বিশেষ উদ্দেশ্যে সিদ্ধ করেছে সে বিষয়ে তোমার অভিমত দাও।
